FEB. 1 · 2001

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক ইনকিলাব

# বেসরকারী শিক্ষকদের ১০ ভাগ বেতন বৃদ্ধি ও তৃতীয় বিভাগীয়দের এমপিওভুক্তির সিদ্ধান্ত

**স্টাফ রিপোর্টার ঃ** বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষকদের গত বছর জুলাই থেকে বকেয়াসহ শতকরা ১০ ভাগ বর্ধিত বেতন সংক্রান্ত সরকারী প্রজ্ঞাপন শীঘ্রই জারি করা হবে এবং গত ২৪ আগস্ট পর্যন্ত বিধি মোতাবেক নিয়োগকৃত শিক্ষকদের তৃতীয় বিভাগসহ এমপিওভুক্তির প্রক্রিয়াও উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনার মাধ্যমে শীঘ্রই শুরু হবে। গত মঙ্গলবার বিকেলে শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে নতুন শিক্ষা সচিব ডঃ সা'দত হুসাইনের সভাপতিত্বে শিক্ষক সমিতি ফেডারেশনের ক্ষা মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাদের বৈঠকে উক্ত সিদ্ধান্তের কথা জানানো হয়। মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (প্রশাসন) মোঃ নুরুজ্জামান মিয়া, যুগ্মসচিব মোঃ সাখাওয়াত হোসেন, উপসচিব মোঃ আতোয়ার রহমান, সিনিয়র সহকারী সচিব (বাজেট) রাধারমণ ভৌমিক ও সিনিয়র সহকারী সচিব মোঃ সাবের হোসেন এবং ফেডারেশনের সেক্রেটারী জেনারেল অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি মোঃ আজিজুল ইসলাম, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ এ কে এম জহিরুল

৫-এর পৃঃ ৩-এর কঃ দেখুন

## বেসরকারী শিক্ষকদের বেতন বৃদ্ধি

প্রথম পৃষ্ঠার পর

ইসলাম, কলেজ শিক্ষক সমিতির যুগ্ম সাধারণ সম্পাদক অধ্যক্ষ আসাদুল হক, দপ্তর সম্পাদক উপাধ্যক্ষ আব্দুর রব মিএগ ও পরিবেশ বিষয়ক সম্পাদক উপাধ্যক্ষ নূরুন নবী সিদ্দিকী প্রমুখ উপস্থিত ছিলেন। বৈঠকে বেসরকারী শিক্ষকদের '৯৭ সালে প্রবর্তিত স্কেলে ইনক্রিমেন্ট ও মেডিকেল ভাতা প্রদান, সহযোগী অধ্যাপক ও অধ্যাপক পদে পদোন্নতি, সহকারী শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষকের মধ্যে বেতনের সামঞ্জস্য বিধান, বেসরকারী প্রধান শিক্ষকদের সরকারী প্রধান শিক্ষকদের অনুরূপ স্কেল প্রদান, অধ্যক্ষ ও উপাধ্যক্ষদের পরবর্তী উচ্চতর বেতনক্রমে অন্তর্ভুক্তি, বেসরকারী কলেজ প্রভাষকদের ২ বছরে প্রদত্ত উচ্চতর স্কেল বহাল রাখা, অবসরপ্রাপ্ত ও মৃত শিক্ষক-কর্মচারীদের প্রাপ্ত অর্থ পরিশোধের লক্ষ্যে অবিলম্বে কল্যাণ ট্রাস্টের ট্রাস্টি বোর্ডের নতুন কমিটি গঠন এবং বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের জন্য চাকুরীবিধি চূড়ান্তকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। শিক্ষা সচিব সরকারের পক্ষ থেকে উল্লেখিত বিষয়ে আশু পদক্ষেপ গ্রহণের আশ্বাস দেন।

বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক, পরিষদের সভাপতি অধ্যক্ষ আলী আকবর খান ডলার ও যুগ্ম মহাসচিব মতিউর রহমান গাজ্জালী এবং বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির যুগ্ম মহাসচিব জি. এন. আর বাশার ও ঢাকা মহানগরীর সেক্রেটারী আবুল হাসনাত ফারুক, জাতীয়কৃত কলেজ ও সরকারী স্কুল শিক্ষকদের পেশাগত বিভিন্ন বিষয়সম্বলিত দু'টি প্রতিবেদন সচিবের নিকট পেশ করেন।